

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১২৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২১. প্রথম অনুচ্ছেদ - অত্যাচার

بَابُ الظُّلْم

### আরবী

وَعَنْ أَبِي مُوسَى قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «إِن اللَّهَ لَيُمْلِي لِلظَّالِمِ حَتَّى إِذَا أَخَذَهُ لَمْ يفلته» ثمَّ يقْرَأ (وَكَذَلِكَ أَخْذُ رَبِّكَ إِذَا أَخَذَ الْقُرَى وَهِيَ ظالمة) الْآية. مُتَّفق عَلَيْهِ

#### বাংলা

৫১২৪-[২] আবৃ মূসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আলাহ তা'আলা অত্যাচারীকে অবকাশ দিয়ে থাকেন। অতঃপর তাকে এমনভাবে পাকড়াও করেন যে, সে আর ছুটে যেতে পারে না। তারপর তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) এ আয়াত পাঠ করলেন- وَكَذٰلِكَ أَخْذُ رُبِّكَ إِذَا أَخْذَ رُبِّكَ إِذَا أَخْذَ رُبِّكَ إِذَا أَخْذَ رُبِّكَ اللَّهُ وَهِيَ ظَالِمَةٌ অর্থাৎ- এরূপ তোমার প্রভুর পাকড়াও যে, যখন তিনি অত্যাচারী গ্রামবাসীদের পাকড়াও করেন। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪৬৮৬, মুসলিম ৬১-(২৫৮৩), তিরমিযী ৩১১০, 'নাসায়ী'র কুবরা ১১২৪৫, ইবনু মাজাহ ২৪০১৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৫১২, মুসনাদে আবূ ইয়া'লা ৭৩২২, শু'আবুল ঈমান ৭৪৬৭, আস্ সুনানুল কুবরা লিল বায়হারী ১১৮৪১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِن اللهَ لَيُمْلِي لِلظَّالِمِ) অর্থাৎ আল্লাহ তা'আলা অত্যাচারীকে ভালো হওয়ার জন্য বারবার সুযোগ দেন। প্রথমবারেই তাকে পাকড়াও করেন না।

(حَتّٰى إِذَا أَخَذَهُ لَمْ يَفْلَته) কিন্তু যখন তাকে পাকড়াও করার ইচ্ছা করেন তখন আর তাকে সুযোগ দেন না। তাকে



ধ্বংস করে দেন। (ফাতহুল বারী ৮ম খন্ড, হাঃ ৪৬৮৬; মিরক্কাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন